

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.৭৯

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮

২৮ ফেব্রুয়ারি ২০২২

অফিস আদেশ

নিম্নবর্ণিত কর্মকর্তার বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরসহ তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট দেশে গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী, বর্তমান কর্মস্থল	দেশের নাম (ভ্রমণের উদ্দেশ্য)	ভ্রমণের সময়কাল ও ছুটির ধরণ	ছুটিকালীন দায়িত্ব পালন
১.	জনাব শেখ ফিরোজ আহমেদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।	ভারত চিকিৎসা	১০.০১.২০২২ হতে ০৮.০২.২০২২ তারিখ পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন অথবা যাত্রার তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন গড় বেতনে অর্জিত ছুটি।	জনাব শেখ ফিরোজ আহমেদ এর ছুটিকালীন সময়ে দায়িত্ব পালন করবেন জনাব ধনঞ্জয় মন্ডল সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা

শর্তসমূহ:

- তিনি নিজ খরচে এ ভ্রমণ সম্পন্ন করবেন। এ ভ্রমণে বাংলাদেশ সরকার স্থানীয়/বৈদেশিক মুদ্রায় কোন খরচ বহন করবে না;
- তিনি অনুমোদিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না এবং যথাসময়ে দেশে ফিরে এসে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়কে অবহিত করবেন;
- যথাসময়ে দেশে ফিরে কর্মস্থলে যোগদানে ব্যর্থ হলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান তাঁর কর্মস্থলে যোগদানের নির্ধারিত তারিখ হতে ০৩ (তিন) দিনের মধ্যে তাঁর অনুপস্থিতির বিষয়ে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে;
- বিদেশে অবস্থানকালীন তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতা প্রাপ্য হবেন;
- সংশ্লিষ্ট কর্মকর্তার ভ্রমণ ব্যয় তাঁর আয়কর হিসাব বিবরণীতে প্রদর্শন করতে হবে। বিদেশ ভ্রমণের পূর্বে তিনি কোন তারিখ থেকে ভ্রমণ করবেন তা কর্তৃপক্ষকে লিখিতভাবে জানাবেন এবং ভ্রমণ শেষে যোগদানের বিষয়টিও লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করবেন।
- তিনি অনুমোদিত ছুটি ভোগ না করলেও মঞ্জুরকৃত ছুটি ভোগ হয়েছে মর্মে প্রতীয়মান হবে। মঞ্জুরকৃত ছুটি বাতিলযোগ্য নয়।
- যথায়থ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৮-২-২০২২
আলমগীর হুছাইন
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৭১.২৫.৭০২.১৯.৭৯/১

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৮
২৮ ফেব্রুয়ারি ২০২২

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩) হাইকমিশনার, বাংলাদেশ হাইকমিশন/ দূতাবাস, নয়াদিল্লি।
- ৪) মহাপরিচালক পাসপোর্ট ও বহির্গমন অধিদপ্তর, ঢাকা
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অফিস আদেশটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৭) পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, বহির্গমন বিভাগ (স্বহল বন্দর), বেনাপোল, যশোর /হিলি, দিনাজপুর/বাংলাবান্ধা, পঞ্চগড়/ ভোমরা, সাতক্ষীরা।
- ৯) পরিচালক/ উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা।
- ১০) জেলা শিক্ষা অফিসার, খুলনা।
- ১১) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
- ১২) জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, খুলনা।
- ১৩) জনাব শেখ ফিরোজ আহমেদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ডুমুরিয়া, খুলনা।


২৮-২-২০২২
আলমগীর হুছাইন
উপসচিব